গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: info@rc.gov.bd, rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪. ২০৮৭ তারিখ ১২ কার্তিক ১৪৩১ ব:
২৮ অক্টোবর ২০২৪ খ্রি.

**২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি**

২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ২৪/১০/২০২৪ থেকে ০৩/১১/২০২৪ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট *http://app1.nu.edu.bd/* এ প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি অ৪ (৮.৫″×১১″) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে http://rc.gov.bd ওয়েবসাইটের Preli to Masters Admission লিংকে প্রবেশ করে ভর্তির নির্দেশনা ও সময়সূচি মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজে ভর্তির বিষয়ে কলেজ ওয়েবসাইটে অনলাইন ভর্তির নির্দেশিকা থেকে বিস্তারিত তথ্য জানা যাবে।

১। **ভর্তির সময়সূচি:**

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদন ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ ২৯/১০/২০২৪ থেকে ০৩/১১/২০২৪ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) তারিখ বেলা ০২:০০ টার মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

**বিঃদ্রঃ রিলিজ স্লীপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত সকল শিক্ষার্থীকে (এমনকি যারা ইতোপুর্বে আবেদন করেছে কিংবা ১ম/২য় মেধা তালিকায় স্থান ছিল তাদেরকেও) কলেজের Online admisson link এ প্রবেশ করে ভর্তি ফরম পুরণ করা বাধ্যতামুলক। অন্যথায় তারা তাদের জন্য নিধারিত বিষয়ে ভর্তি হতে পারবে না।**

২। **ভর্তির নিয়মাবলী:**

(ক) শিক্ষার্থীরা প্রাথমিক আবেদনপত্র দাখিলের সময় জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত রোল নম্বর রাজশাহী কলেজে ভর্তির জন্য ব্যবহার করতে হবে। ভর্তিচ্ছু সকল শিক্ষার্থীকে সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Masters1st* লিংকে অথবা রাজশাহী কলেজ ওয়েবসাইটের Preli to Masters Admission লিংকে প্রবেশ করার পর যথাযথভাবে ফরম পূরণ করে Submit করার পর Admission Roll-এর বিপরীতে ভর্তির ফিস জমা দিতে হবে। **তথ্য পূরণে ভুল হলে ভর্তির ফিস জমা দেয়ার পূর্বেই পুনরায় নতুনভাবে আবেদন ফরম পূরণ করে নিতে হবে।** শিক্ষার্থীর তথ্যে ভুল থাকলে সেজন্য শিক্ষার্থীই দায়ী থাকবে। **রিলিজ স্লিপে ভর্তির জন্য নতুনভাবে আবেদন ফরম পূরন করা বাধ্যতামূলক।**

(খ) ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং পদ্ধতির নিচে প্রদত্ত নির্দেশনা মোতাবেক **Admission Roll** এর বিপরীতে বিষয়ভিত্তিক নির্দিষ্ট ফিসের টাকা আগামী ২৯/১০/২০২৪ থেকে ০৩/১১/২০২৪ তারিখের মধ্যে জমা দিয়ে Admission Confirmation Slip I Student Admission form ডাউনলোড করে প্রয়োজনীয় কাগজ-পত্রসহ স্ব স্ব বিভাগে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজ ওয়েবসাইট-এর নোটিশ বোড অথবা *http://rc.edu.bd/fees-for-masters-part-1-admission/* লিংক হতে ফি'র পরিমাণ জানা যাবে।

**DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**

| | |
|---|---|
| ১. | যেসকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট রয়েছে,সেই মোবাইল থেকে *322# ডায়াল করে DBBL মোবাইল ব্যাংক মেনুতে যান |
| ২. | পেমেন্ট 1 (One) সিলেক্ট করুন |
| ৩. | নিজের মোবাইল থেকে হলে 1 (One) সিলেক্ট করুন। অন্য মোবাইল থেকে হলে Other 2 (Two) সিলেক্ট করুন |
| ৪. | অন্য মোবাইল থেকে হলে নিজের মোবাইল নম্বর দিন (Enter Student Mobile Number) |
| ৫. | Other 0 (Zero) সিলেক্ট করুন |
| ৬. | রাজশাহী কলেজের Biller ID 304 টাইপ করুন |
| ৭. | Bill No-এ আপনার **Admission roll** দিন। |
| ৮. | টাকার পরিমাণ লিখুন |
| ৯. | চার ডিজিটের PIN টাইপ করুন |
| ১০. | OK/Send বাটন চাপুন |
| ১১. | পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে আপনি DBBL থেকে TrxID যুক্ত একটি মেসেজ পাবেন এবং স্বয়ংক্রিয়ভাবে আপনার ভর্তি সম্পন্ন হবে। এবং ভর্তির লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন। |

** রকেট app এর Bill Pay অপশন ব্যবহার করেও ফি পরিশোধ করা যাবে।

(গ) ডাচবাংলা মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে **Admission Roll** এর বিপরীতে পেমেন্ট করলেই ভর্তি হয়ে যাবে। রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে *http://rc.gov.bd* ওয়েবসাইটের উপরের ডান অংশে **ভর্তি/ফরমপূরণ** বাটন ক্লিক করতে হবে। এরপর Preli to Masters Admission লিংকে প্রবেশ করে লিংকে গিয়ে Admission roll দিয়ে Next বাটন ক্লিক করলে ভর্তির তথ্য উন্মুক্ত হবে এবং সেখান থেকে Confirmation Slip ও Student Admission Form ডাউনলোড করতে হবে।

(ঘ) কলেজে ভর্তির বিষয়ে কলেজ ওয়েবসাইটে অনলাইন ভর্তির নির্দেশিকা থেকে বিস্তারিত জানা যাবে।

৪। **অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:**

(ক) কলেজে ভর্তির Confirmation Slip I Student Admission Form.
(খ) এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান, স্নাতক(পাস)/সম্মান পাশের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) স্নাতক(পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি-১ কপি করে।
(ঘ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ১ কপি রঙিন ছবি সংযুক্ত করে জমা দিতে হবে।
(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।
(চ) ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।

৫। ভর্তির সময় অবশ্যই বিভাগীয় প্রধানকে সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। অসম্পূর্ণ/ভুল/মিথ্যা তথ্য সম্বলিত/প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া ভর্তি বাতিল বলে গণ্য হবে।

**বিদ্র:** কোন শিক্ষার্থী একই সাথে ও সময়ে/শিক্ষাবর্ষে একই/বিভিন্ন শ্রেণিতে/ভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন ও পরীক্ষায় অংশগ্রহণ করলে তার ক্ষেত্রে ভর্তি ও পরীক্ষার ফলাফল (যদি থাকে) দ্বৈতভর্তিজনিত কারণে বাতিল বলে গণ্য হবে।

স্বা:
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪.২০৮১(২৮) তারিখ ১২ কার্তিক ১৪৩১ ব: / ২৮ অক্টোবর ২০২৪ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
২। বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী। **ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ভর্তি সংক্রান্ত ডাটা অনলাইনে নিশ্চয়নের লক্ষ্যে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আবেদন পত্রসহ সংখ্যা তালিকা এবং শূন্য আসনের তালিকা আগামী ০৪/১১/২০২৪ তারিখ বেলা ২:০০ টার মধ্যে কলেজ গ্রন্থাগারে (ভর্তি কমিটির নিকট), জমা দিতে হবে;**
৩। আহ্বায়ক, প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি ২০২১-২০২২ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
৪। আইসিটি, রাজশাহী কলেজ, রাজশাহী;
৫। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী;
৬। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
৭। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ 28/10/2024
রাজশাহী কলেজ, রাজশাহী
28/10/2024